145

তারিখ 08 MAY 1997
পৃষ্ঠা 1 কলাম 6

দৈনিক জনকণ্ঠ

# আজ শুরু হচ্ছে উচ্চ মাধ্যমিক, আলিম ফাজিল ও কামিল পরীক্ষা ॥ কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ

**স্টাফ রিপোর্টার ॥** নজিরবিহীন নিরাপত্তা ও কড়া সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের মধ্য দিয়ে আজ বৃহস্পতিবার থেকে দেশব্যাপী এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। একই সাথে শুরু হচ্ছে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষা। পাঁচ বোর্ডে এ বছর মোট এইচএসসি পরীক্ষার্থী ৭ লাখ ২২ হাজার ২শ' ১৫ জন। গত বছরের তুলনায় এ সংখ্যা প্রায় দেড় লাখ বেশি।

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য ইতোমধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। প্রশ্নপত্র ফাঁস, নকল ও বিশৃঙ্খলা প্রতিরোধে শিক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে নেয়া হয়েছে বিশেষ ব্যবস্থা। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এক বিবৃতিতে পরীক্ষা নিয়ে সমাজ বিরোধীরা যাতে কোন ব্যবসা, ষড়যন্ত্র বা আত্মবিনাশী কাজে সফল না হতে পারে সেজন্য অভিভাবক, শিক্ষক ও গণমাধ্যমকে একযোগে কাজ করার আহ্বান জানিয়েছেন।

(১৫ পৃঃ ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর)

## আজ শুরু হচ্ছে

জানা যায়, ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে বেশি। এ বোর্ড থেকে ২ লাখ ৩২ হাজার ১শ' ১৩ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে। এদের মধ্যে ছাত্রীর সংখ্যা ৯১ হাজার ৮শ' ৮৫। এছাড়া কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ১০ হাজার ৩শ' ৭৫ জন, রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৯১ হাজার ৪শ' ৬০ জন, যশোর থেকে ১ লাখ ৩৬ হাজার ৪শ' ৭২ জন ও চট্টগ্রাম বোর্ড থেকে ৫৩ হাজার ৭শ' ৯৫ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে।

ঢাকা বোর্ডের অধীনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২শ' ৬৪টি। এর মধ্যে রাজধানীতে ৬৪টি কেন্দ্র রয়েছে। এসব কেন্দ্রের দু'শ' গজের মধ্যে একত্রে চার ব্যক্তির উর্ধে জমায়েত ও চলাফেরা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। ঢাকা মহানগর পুলিশের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, এ আদেশ পরীক্ষা চলাকালীন দিনে বলবত থাকবে।

দেশের বাইরে পাঁচটি কেন্দ্রে পরীক্ষা নেবার ব্যবস্থা করা হয়েছে। কেন্দ্রগুলো হচ্ছে জেদ্দা, রিয়াদ, ত্রিপলী, দোহা ও আবুধাবি।

এদিকে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এক বাণীতে সকল পরীক্ষার্থীর সফলতা কামনা করেছেন। তিনি কলেজ শিক্ষকদের স্ব-স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার আহ্বান জানান। তিনি বলেন, পরীক্ষা কেন্দ্রের ভিতর ও বাইরে শান্তিপূর্ণ অবস্থা বজায় রাখার দায়িত্ব সকল শ্রেণীর নাগরিকের।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি অধ্যাপক এবিএম জনাব আলী ও মহাসচিব অধ্যাপক মোঃ আবু ইউসুফ শিক্ষকদের নিষ্ঠা, সততা ও সাহসিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন।

আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ শিক্ষক পরিষদ কলেজ গবর্নিং, বডি ও শিক্ষা বোর্ডের নির্দেশে পুলিশ প্রহরায় একটি রাজনৈতিক সংগঠনের কর্মীদের দ্বারা পরীক্ষার্থীদের প্রবেশপত্র প্রদান ঘটনার নিন্দা জানিয়েছে। এক বিবৃতিতে পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক একাডেমিক কাজে বহিরাগতদের হস্তক্ষেপ বন্ধ করার জোর দাবি জানান।

যশোর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গত বছর ব্যাপক নকল সরবরাহ ও গোলযোগের কারণে নড়াইলের বড়দিয়া এবং ঝালকাঠীর গোয়াটন ও বিনয়কাঠী কেন্দ্র স্থগিত করা হয়েছে। এসব কেন্দ্রের পরীক্ষার্থীদের পার্শ্ববর্তী কেন্দ্রে পরীক্ষা দিতে হবে।